# স্থায়ী আমানত,মাসিক,দ্বি-মাসিক,দ্বি-গুন মুনাফা এর বিপরীতে ঋণ নীতিমালা

১. আমানত ঋণটি নতুন ঋণ হিসেবে বিবেচিত হবে।
২. মাসিক ও দ্বি-মাসিক মুনাফা ভিত্তিক প্রকল্পে আওতায় সর্বোচ্চ ৮০% ঋণ প্রদান করা হবে।
৩. স্থায়ী আমানত ও দ্বি-গুন মুনাফা স্কীমের আওতায় সর্বোচ্চ ৯০% ঋণ প্রদান করা হবে।
৪. উক্ত ঋণ প্রদানের ক্ষেত্রে আবেদনকারীর কোন প্রকার শেয়ার বিবেচনা করা হবে না। স্থায়ী আমানত করার পরের মাস থেকে ঋণ গ্রহন করার সুযোগ পাবে।
৫. আমানতের বিপরীতে ঋণের সুদ ১৪% এবং অনিয়মিত ঋণের বেলায় ৫০% জরিমানা করা হবে।
৬. এই ঋণের ক্ষেত্রে ঋণের সিলিং বিবেচনা করা হবে না।
৭. পর পর ছয় মাস ঋনের কিস্তি দিতে ব্যর্থ হলে বিনা নোটিশে তার আমানতের টাকার সাথে বকেয়া ঋণ সমন্বয় করা হবে।
৮. ঋণ আবেদনকারীকে এই ঋণের ক্ষেত্রে কোন রিবেট প্রদান করা হবে না।
৯. ঋণ পরিশোধের আগ পর্যন্ত মূল সার্টিফিকেট অফিসে জমা রাখতে হবে।
১০. উক্ত ঋণের কিস্তি সাধারণ ঋণের মত ঋণের পরিমান অনুসারে ৩৬/৬০/৯৬/১২০ কিস্তিতে পরিশোধ করতে পারবে।
১১. সমিতির নির্দিষ্ট আবেদন ফরমে ঋণের জন্য আবেদন করতে হবে।
১২. এই ঋণের জন্য আলাদা পাশ বই প্রদান করা হবে।
১৩. ঋণ গ্রহন করার সময় আমানতকারীকে সার্টিফিকেটের অপর পৃষ্ঠায় প্রতিষ্ঠানের রক্ষিত স্বাক্ষর এর অনুরুপ নমুনা স্বাক্ষর দিতে হবে।
১৪. একই সদস্য যদি সাধারণ ঋণ ডিফল্টার থাকে তবে আমানতের বিপরীতে ঋণ ইস্যু করা যাবে না।
১৫. ঋণ থাকা অবস্থায় এই আমানত নগদীকরণ করা যাবেনা তবে ঋণ পরিশোধ করা সাপেক্ষে আমানত নগদীকরণ করা যাবে।
১৬. আমানতকারীগণ তাদের নিজ আমানতের সুদের হার ঠিক থাকবে।
১৭. এই ঋণটি বীমার কোন সুবিধা পাবে না।